



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার লেটার নং- ০৬/২০২৩

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০  
০৮ নভেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর ইএফটি ক্লিয়ারিং ও সেটেলমেন্ট

## Nikash-BEFTN এর মাধ্যমে সম্পাদন প্রসঙ্গে।

আপনারা অবগত আছেন যে, আগামী ১২/১১/২০২৩ তারিখ হতে ইলেকট্রনিক ফান্ডস ট্রান্সফার এর কার্যক্রম বর্তমানে ব্যবহৃত BACH এর BEFTN সফটওয়্যারের পরিবর্তে Nikash-BEFTN সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করা হবে। এতদুদ্দেশ্যে, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদের অনুরোধ জানানো যাচ্ছে:

০১। নতুন Nikash-BEFTN ব্যবস্থায় ইলেকট্রনিক ফান্ডস ট্রান্সফার (EFT) লেনদেন ১২/১১/২০২৩ তারিখ হতে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রতিদিন ৩টি (তিন) সেশনে স্থানীয় মুদ্রায় পরিচালিত হবে:

সেশনসমূহ	সময়সূচী
সেশন-১	রাত ১২:০০:০০ ঘটিকা হতে সকাল ১১:৫৯:৫৯ ঘটিকা
সেশন-২	দুপুর ১২:০০:০০ ঘটিকা হতে দুপুর ০২:৫৯:৫৯ ঘটিকা
সেশন-৩	বিকাল ০৩:০০:০০ ঘটিকা হতে রাত ১১:৫৯:৫৯ ঘটিকা

০২। ডেবিট ও ক্রেডিট লেনদেন পৃথক পৃথক ফাইলের মাধ্যমে অর্থাৎ একই ফাইলে উভয় প্রকার লেনদেন অন্তর্ভুক্ত না করে উপস্থাপন করতে হবে। ডেবিট ও ক্রেডিট লেনদেনের ক্ষেত্রে ইএফটি সেটেলমেন্ট হওয়ার পরবর্তী ২ (দুই) সেশনের মধ্যে রিটার্ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। Nikash-BEFTN এর আনুষ্ঠানিক কার্যারম্ভ (Go Live) সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১০/১১/২০২৩ তারিখ (শুক্রবার) ও ১১/১১/২০২৩ তারিখ (শনিবার) তফসিলি ব্যাংকসমূহের EFT প্রসেসিং কার্যক্রমে যুক্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজন অনুসারে অফিসে উপস্থিত থাকতে হবে।

০৪। বর্তমান BACH(BEFTN) সিস্টেমে EFT Outward পাঠানোর শেষ সময় হবে ০৯/১১/২০২৩ তারিখ দুপুর ০২:০০:০০ ঘটিকা, অর্থাৎ ০৯/১১/২০২৩ তারিখ প্রথম সেশন পর্যন্ত। ০৯/১১/২০২৩ তারিখ দুপুর ০২:০০:০০ ঘটিকার পর কোনো ভাবেই EFT Outward বর্তমান BACH(BEFTN) সিস্টেমে প্রেরণ করা যাবে না।

০৫। বর্তমান BACH(BEFTN) সিস্টেমে EFT Outward Return পাঠানোর শেষ সময় হবে ০৯/১১/২০২৩ তারিখ রাত ১২:০০:০০ ঘটিকা পর্যন্ত। বর্ণিত সময়ের মধ্যে অংশগ্রহণকারী সকল তফসিলি ব্যাংক বর্তমান BACH(BEFTN) এর সকল অনিষ্পন্ন EFT Outward Return প্রেরণ সম্পন্ন করবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শফিকুল ইমদাদ)

অতিরিক্ত পরিচালক

ফোন: ৯৫৩০০৫৩